সমকাল

তারিখ: 17 OCT 2016
পৃষ্ঠা: ৭ কলাম: ৪

# চাঁদপুর প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রত্যাহার

**■ মতলব (চাঁদপুর) প্রতিনিধি**

সমকালের মতলব প্রতিনিধি ইকবাল হোসেনসহ সাংবাদিকদের প্রাণনাশের হুমকি এবং নানা অনিয়মের অভিযোগে চাঁদপুরের জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আক্তার হোসেনকে রোববার প্রত্যাহার করা হয়েছে।

গতকাল সিনিয়র সহকারী সচিব রেবেকা সুলতানা স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে চাঁদপুরের প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আক্তার হোসেনকে চাঁদপুর থেকে প্রত্যাহার করে অধিদপ্তরে ন্যস্ত করা হয়। ১৭ অক্টোবরের মধ্যে তাকে সংযুক্তিকৃত কর্মস্থলে যোগদানের জন্য বলা হয়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আক্তার হোসেনের দ্বিতীয় স্ত্রী মতলব দক্ষিণ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের হিসাব সহকারী বেনজির আক্তারের অফিসে গরহাজির ও বিভিন্ন অনিয়মের সংবাদ প্রকাশ করায় শিক্ষা কর্মকর্তা আক্তার হোসেন মোবাইল ফোনে সাংবাদিকদের সঙ্গে অশালীন আচরণ ও প্রাণনাশের হুমকি দেন।

৪ সেপ্টেম্বর সমকালের মতলব প্রতিনিধি ইকবাল হোসেনকে তিনি টাকা খরচ করে ভাড়াটিয়া দিয়ে প্রাণনাশের হুমকি দেন। এ ঘটনায় ৮ সেপ্টেম্বর ইকবাল হোসেন মতলব দক্ষিণ থানায় জিডি করেন। একইভাবে শিক্ষা কর্মকর্তা হুমকি দিয়েছেন দৈনিক মেঘনা বার্তার ভারপ্রাপ্ত সম্পাদক ও টেলিভিশন ফোরামের সাধারণ সম্পাদক জিএম শাহীনকেও। তিনিও চাঁদপুর মডেল থানায় জিডি করেন। এ ছাড়া ক্ষমতার অপব্যবহার করে দেশের শ্রেষ্ঠ শিক্ষিকা নুরুননাহার বকুলকে সাময়িক বরখাস্ত এবং নিজের স্ত্রী বেনজির আক্তারকে মতলব দক্ষিণ থেকে বদলি করে চাঁদপুর সদরে নিযুক্ত করার ব্যবস্থা করেন তিনি। এসব অভিযোগের পরিপ্রেক্ষিতে তাকে চাঁদপুর থেকে প্রত্যাহার করা হয়েছে বলে জানা গেছে।